

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
www.wewb.gov.bd

বিষয়: ০৬ সেপ্টেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।


সভাপতি : মোঃ হামিদুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
তারিখ : ০৬ সেপ্টেম্বর, ২০২১
সময় : ৩.০০ টা
স্থান : মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।

২. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

	আলোচনা	সিদ্ধান্ত
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সংক্রান্ত।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ অর্থ বছরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়ে আলোচনা ও পর্যালোচনা করা হয়। সভাপতি প্রথমে বাস্তবায়নযোগ্য সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার বিষয়ে জানতে চান। পরিচালক (আইআরপি) জানান যে, কর্ম-পরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার কার্যক্রম চলিতেছে। কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম কোয়ার্টারে কর্মকর্তা কর্মচারীদের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ যথাসময়ে সম্পন্ন করা হবে এবং কর্ম-পরিবেশ উন্নয়ন ও পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সকল কর্মকর্তা ও কর্মচারীদেরকে নোটিশ প্রদানের জন্য পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)কে অনুরোধ করা হয়েছে। কোভিড-১৯ পরিস্থিতিতে বিদেশগামী ও প্রত্যাগত কর্মীও তাদের পরিবারের সেবার জন্য “Quick Response Team” গঠন করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী পরবর্তী কোয়ার্টারের সকল কার্যক্রম যথাসময়ে সম্পাদনের বিষয়ে গুরুত্ব প্রদান করা হয়। মহাপরিচালক শুদ্ধাচার কৌশল সংক্রান্ত যাবতীয় বিষয় কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে নিয়মিত আপলোড করে আপডেট রাখার নির্দেশনা প্রদান করেন।	১. কর্মপরিকল্পনা অনুযায়ী কর্মকর্তা কর্মচারীদের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। ২. কর্ম-পরিবেশ উন্নয়ন ও পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে অফিস আদেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩. শুদ্ধাচার কৌশল সংক্রান্ত সকল কার্যক্রম পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


০৭/০৯/২০২১
মোঃ হামিদুর রহমান
মহাপরিচালক(অতিরিক্ত সচিব)
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি